

যুগ্মান্তর

যে কারণে ছাত্রলীগ সভাপতিকে ইবি থেকে বের করে দিল কর্মীরা

প্রকাশ : ১২ অক্টোবর ২০১৯, ২০:০৭ | অনলাইন সংস্করণ

ইবি প্রতিনিধি



ছাত্রলীগ সভাপতি রবিউল ইসলাম পলাশ। ছবি: সংগৃহীত

ইসলামী বিশ্ববিদ্যালয়
শাখা ছাত্রলীগের
সম্পাদক রাকিবুল
ইসলাম রাকিবকে
ক্যাম্পাস থেকে টানা
তিনবার বিতাড়িত
করার পর এবার
ছাত্রলীগ সভাপতি
রবিউল ইসলাম
পলাশকে ক্যাম্পাস
থেকে লাষ্টিং করে
তাড়িয়ে দিয়েছে
ছাত্রলীগের বিদ্রোহী
গ্রহণের নেতাকর্মীরা।

পলাশ-রাকিবের
বিরুদ্ধে দুর্নীতির
অভিযোগ এনে তাদের
ক্যাম্পাসে অবাস্থিত
ঘোষণা করে দলীয়
নেতাকর্মীরা।

দলীয় ও প্রত্যক্ষকর্মীরা
জানান, পূজার ছুটি
শেষে শনিবার ক্যাম্পাস

চালু হয়। বেলা সাড়ে ১১টার দিকে ছাত্রলীগ সভাপতি রবিউল ইসলাম পলাশ ক্যাম্পাসে আসেন। দলীয় টেন্টে অবস্থান নিয়ে কর্মী-সমর্থকদের সঙ্গে কুশল বিনিময় করেন। এ সময় বিদ্রোহী গ্রুপের নেতা-কর্মীরাও টেন্টে উপস্থিত হন।

এ সময় বিদ্রোহী গ্রুপের নেতা বিপুল খান ও শাহজালাল হোসেন সোহাগ শাখা সভাপতি পলাশকে টেন্ট থেকে চলে যেতে বলেন। প্রত্যক্ষদর্শীরা জানান, ইবি ছাত্রলীগ সভাপতিকে তুই-তুকারি করে ক্যাম্পাস থেকে তাড়িয়ে দেয়া হয়। পলাশ কিছু না বলে চলে যান।

এ সময় তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে গৌঁহলে দলীয় টেন্ট থেকে বিক্ষেভ মিছিল বের করে বিদ্রোহী গ্রুপের নেতা-কর্মীরা। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক হয়ে টেন্টে সংক্ষিপ্ত সমাবেশ করে নেতা-কর্মীরা।

ভারপ্রাণ সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।